"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা-০২
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

নথি নং-৪৯.০০১.১০৫২.০০.০০.৪৫.২০১৪(অংশ-১)-১৭৩ তারিখঃ ১৪ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ

বিষয় ঃ নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি হোমল্যান্ড ট্রেডিং (আরএল-১০৫২) র আবেদনের প্রেক্ষিতে সার্বিয়ান নিয়োগকর্তা **HTP Mont doo** এর অধীনে নিম্নোক্ত ছকের বিভিন্ন পদে সর্বমোট ১৩৫ (একশত পঁয়ত্রিশ) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

কোম্পানীর নাম	পদের নাম	কর্মীর সংখ্যা	বেতন	অন্যান্য সুবিধাদি/শর্ত (চাহিদপত্র, চুক্তিপত্র, অভিবাসন ব্যয় বিবরণী ও অংগীকারনামা অনুসারে)
HTP Mont doo	Welder	৬০ জন	৬০০ ইউরো	চাকুরীর মেয়াদ-০২ (দুই) বছর (নবায়নযোগ্য); আহার+ চিকিৎসা+বাসস্থান+যাতায়াত-কোম্পানী বহন করবে; কর্মঘন্টা-০৮ (আট) ঘন্টা, বিমান ভাড়া-ফ্রি এবং অন্যান্য শর্তাবলী সার্বিয়ার শ্রম আইন অনুযায়ী।
	Pipe fitter	৬০ জন	৬০০ ইউরো	
	Supervisor	০৮ জন	৫০০ ইউরো	
	Cook	০২ জন	৩০০ ইউরো	
	Engeener	০৫ জন	৭০০ ইউরো	

শর্তাবলী ঃ

(ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সঙ্গে সার্বিয়ায় যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন;

(খ) কোভিড-১৯ এ বিদ্যমান পরিস্থিতিতে নির্ধারিত সময়সীমা অনুসরণ করে যথাযথ প্রক্রিয়ায় কর্মীদের কোভিড টেস্ট নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য বিধি সংক্রান্ত আনুষঙ্গিক নিয়ম কানুন প্রতিপালন করতে হবে;

(গ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা সার্বিয়ায় পৌছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং রোমস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে;

(ঘ) বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে;

(ঙ) এমপ্লয়মেন্ট এগ্রিমেন্টের কপি বাংলাতে অনুবাদ করে বিএমইটি কর্তৃক সত্যায়নের পর কর্মীকে দিতে হবে;

(চ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতাপত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে;

(ছ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক দাখিলকৃত অভিবাসন ব্যয় বাবদ সর্বোচ্চ ১৬৫,০০০/- (এক লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না;

(জ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্গন হবে না, অনুমোদিত কর্মীরা কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবে এবং প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে এবং কোন ধরণের অনাকাংক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

(ঝ) চাকরির শর্তাবলী সার্বিয়ায় শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে;

(ঞ) কর্মীদের ভিসা স্ট্যাম্পিং এর পর কর্মীদের ভিসা স্ট্যাম্পিং এর কপিসহ তালিকা মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং নিয়োগ সম্পন্ন করে মন্ত্রণালয়কে অবহতি করতে হবে;

(ট) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি বিএমইটি কর্তৃক নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে;

(ঠ) বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রদেয় না হলে তা কর্মীর উপর প্রযোজ্য হবে না;

(ড) ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন;

(ঢ) সর্বশেষ অনুমতিপ্রাপ্ত কর্মীর মধ্যে কতজনের নিয়োগ সম্পন্ন করা হয়েছে তার তথ্য ১৫ (পনের) দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা হতে

(ণ) চাকুরীদাতা সার্বিয়ান নিয়োগকর্তা **HTP Mont doo** নামীয় প্রতিষ্ঠান যাচাই করে কর্মের নিশ্চয়তা আছে মর্মে কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রোম-কে ১৫ (পনের) দিনের মধ্যে প্রতিবেদন দিতে হবে;

(ত) কর্মীদের ফ্লাইট নিশ্চিত হওয়ার পর রিক্রুটিং এজেন্সি কর্তৃক কর্মীর তালিকা ও ফ্লাইট সিডিউল বাংলাদেশ দূতাবাস, ইতালি এবং বিএমইটি বরাবর প্রেরণ করতে হবে;

(দ) রিক্রুটিং এজেন্সির লাইসেন্সের হালনাগাদ নবায়নের বিষয়টি বিএমইটি যাচাই করবে।

(শেখ মুহাম্মদ রেফাত আলী)
উপসচিব
ফোন-৪১০৩০২৫২
ই-মেইলঃ dsemployment2@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা।

নথি নং-৪৯.০০১.১০৫২.০০.০০.৪৫.২০১৪(অংশ-১)-১৭৩ তারিখঃ ১৪ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা। **(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)**

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।

০৪। সিস্টেম এনালিস্ট (আইটি শাখা) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা। **(মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)**

০৫। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।

০৬। স্বত্বাধিকারী, হোমল্যান্ড ট্রেডিং (আরএল-১০৫২), হাউজ # ৯৭/২ (৪র্থ তলা), নিউ এয়ারপোর্ট রোড, কাকলী, বনানী, ঢাকা-১২১৩।

০৭। অফিস কপি।

১৪/৯/২০২১
(শেখ মুহাম্মদ রেফাত আলী)
উপসচিব